

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ আগস্ট'২০২৩খ্রি.

### সমাজ পরিবর্তনে চাই সামাজিক নেতৃত্ব : মেয়র

সামাজিক নেতৃত্বের মাধ্যমে সমাজকে প্রগতির পথে পরিচালনা করা সম্ভব বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে ১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের রসুলবাগ সমাজকল্যাণ পরিষদের নেতৃবৃন্দের সাথে আলোচনা সভায় মেয়র বলেন, তৃণমূল পর্যায়ে উন্নয়নের সুফল ছড়িয়ে দিতে স্থানীয় সমাজকল্যাণ প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পরিষদের নেতৃবৃন্দ রসুলবাগের বিভিন্ন অবকাঠামোগত সমস্যার বিষয়ে মেয়রকে অবহিত করলে মেয়র সমস্যা সমাধানের আশ্বাস দেন।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সাবেক সভাপতি আবু বকর সিদ্দিকী, সাধারণ সম্পাদক মো. নছরুল্লাহ করিম চৌধুরী, হাবিবুল ইসলাম মামুন, ইমরান বিন আইয়ুব সুমন, একরামুল হক মিল্টন এবং নছরত আলী হেলাল।

### চসিক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চেশধুরীর মাতা আয়েশা খাতুনের মৃত্যুতে সিটি মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মোহাম্মদ হুমায়ুন কবির চৌধুরীর মাতা আয়েশা খাতুন আজ বৃহস্পতিবার বিকালে বার্ষিক্যজনিত কারণে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। (ইন্না-লিল্লাহে.....ওয়া ইন্না ইলাহি রাজিউন)। মরহুমার মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। এক শোকবার্তায় মেয়র মরহুমার রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তুস্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

এছাড়াও আয়েশা খাতুনের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার সহ সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ গভীর শোক প্রকাশ করেন এবং শোক সন্তুস্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮